

# রোজায় মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক



রোজায় দেশের সব মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। গতকাল রবিবার এসংক্রান্ত এক রিটে প্রাথমিক শুনানির পর বিচারপতি ফাহিমদা কাদের ও বিচারপতি মো. আসিফ হাসানের বেঞ্চ রুলসহ এই আদেশ দেন।

মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি গত বছরের ১৮ ডিসেম্বর প্রজ্ঞাপন আকারে প্রকাশ করে শিক্ষা মন্ত্রণালয়। প্রজ্ঞাপনের ৮ নম্বর ক্রমিকে রোজা, ঈদ, স্বাধীনতা দিবসসহ ছয়টি পর্বের জন্য ৮ থেকে ২৬ মার্চ পর্যন্ত মোট ১৯ দিন ছুটি রাখা হয়েছে।

৮ নম্বর ক্রমিকে অনুমোদিত ছুটির তালিকা চ্যালেঞ্জ করে গত ২০ জানুয়ারি হাইকোর্টে জনস্বার্থে রিট করেন সুপ্রিম কোর্টের আইনজীবী মো. ইলিয়াছ আলী মণ্ডল। আদালতে রিটের পক্ষে তিনি নিজেই শুনানি করেন। রাষ্ট্রপক্ষে

শুনানি করেন অ্যাটর্নি জেনারেলের দায়িত্বে থাকা অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মোহাম্মদ আরশাদুর রউফ। ইলিয়াছ আলী মণ্ডল কালের কণ্ঠকে বলেন, ‘সরকারি-বেসরকারি এমপিওভুক্ত বা ইবতেদায়ি মাদরাসায় চলতি শিক্ষাবর্ষের জন্য যে ছুটির তালিকা প্রকাশ করেছে মাদরাসা শিক্ষা অধিদপ্তর, সেখানে রোজা, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, ঈদ উপলক্ষে আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে ২৬ মার্চ পর্যন্ত ছুটি রাখা হয়েছে।

অথচ মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ছুটি রাখা হয়েছে ১৯ দিন (৮ থেকে ২৬ মার্চ)। এটি বৈষম্যমূলক। এই ছুটি বাতিল করে ঈদ পর্যন্ত পুরো রোজার মাস ছুটি ঘোষণার অনুরোধ জানিয়ে গত ৫ জানুয়ারি বিবাদীদের আইনি নোটিশ দিয়েছিলাম। সাড়া না পেয়ে জনস্বার্থে রিট করি।

আদালত রিটে সন্তুষ্ট হয়ে রুলসহ আদেশ দিয়েছেন।’